

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭৩১

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - সৃষ্টির সূচনা ও নবী-রাসূলদের আলোচনা

اَلْفَصْلُ التَّنِفْ (بَابِ بدءالخلق وَذِكْرِ الْأَنْبِيَاءِ عَلَيْهِمُ الصَّلَاةُ وَالسَّلَامُ)

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ اللَّهَ خَلَقَ إِسْرَافِيلَ مُنْذُ يَوْمَ خَلْقَهُ صَافًا قَدَمَيْهِ لَا يَرْفَعُ بَصَرَهُ بَيْنَهُ وَبَيْنَ الرَّبِّ تَبَارَكَ وَتَعَالَى سَبْعُونَ نورا مَا مِنْهُا مِن نورٍ يدنو مِنْهُ إِلاّ احْتَرَقَ» . رَوَاهُ التِّرْمِذِيِّ وَصَحَحَهُ

ضعيف ، رواه الترمذى (لم اجده) [و رواه الطبراني في الكبير (11 / 379 - 380 ح 12061) و البيهقي في شعب الايمان (157 ، نسخة محققة : 155) و في السند محمد بن عبد الرحمن بن ابي ليلي ضعيف مشهور ضعفه جمهور المحدثين و في السند علة أخري] -

(ضَعِيف)

বাংলা

৫৭৩১-[৩৪] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আল্লাহ তা'আলা যেদিন ইসরাফীল আলায়হিস সালাম-কে সৃষ্টি করেছেন, তিনি তখন হতে নিজের দুই পায়ের উপর দাঁড়িয়ে রয়েছেন। চক্ষু তুলেও দেখেন না। তার এবং তার প্রভুর মাঝখানে সত্তরটি নূরের পর্দা রয়েছে। তিনি তার যে কোন একটি পর্দার কাছাকাছি হলে তখনই তা তাঁকে জ্বালিয়ে ফেলবে। (তিরমিয়ী এবং তিনি বলেছেন, হাদীসটি সহীহ)

ফুটনোট

য'ঈফ: আলবানী (রহিমাহুল্লাহ) বলেন, হাদীসটিকে আমি তিরমিযীতে খুঁজে পাইনি, হাদীসটিকে পেয়েছি আল বিদায়াহ্ ওয়ান্ নিহায়াহ্ ১/৪৫-৪৬ পৃ.। ত্বারানী (রহিমাহুল্লাহ) বলেন, আমি বললাম: হাদীসটি য'ঈফ হওয়ার



কারণ সনদে 'আবদুর রহমান ইবনু আবু লায়লা আছে, আর সে য'ঈফ; হিদায়াতু রুওয়াত ৫/২৫১ পৃ. ৫৬৬৩।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন